গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ ইউনিট
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

বিষয়: পানি সম্পদ মন্ত্রণালয়ের ২০২৬-২০২৭ অর্থবছরের সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS) এর অগ্রগতি সংক্রান্ত GPMS টিম এর সভার কার্যবিবরণী।

সভাপতি	খোন্দকার আজিম আহমেদ এনডিসি অতিরিক্ত সচিব (উন্নয়ন)
সভার তারিখ	২০ আগস্ট, ২০২৬
সভার সময়	বেলা ১১:০০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
উপস্থিতি	পতাকা 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। এরপর সভাপতি আলোচ্যসূচি অনুসারে কার্যক্রম উপস্থাপনের জন্য জনাব নাজমা বেগম এনডিসি, যুগ্মসচিব, পানি সম্পদ মন্ত্রণালয়কে অনুরোধ জানান। যুগ্মসচিব, পানি সম্পদ মন্ত্রণালয় সভার কার্যপত্র অনুসারে মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার ২০২৬-২০২৭ অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা (সেকশন-২) সভায় উপস্থাপন করেন।

০২। অতঃপর সভায় উপস্থিত পানি সম্পদ মন্ত্রণালয়ের GPMS টিমের কর্মকর্তাগণ স্ব স্ব শাখার কর্মসম্পাদন পরিকল্পনার (সেকশন-২) অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করেন। একই সাথে পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তাগণ তাঁদের কর্মসম্পাদন পরিকল্পনার (সেকশন-২) অগ্রগতি সম্পর্কে বিস্তারিতভাবে সভাকে অবহিত করেন।

০৩। সভায় আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

ক্র. নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	মন্তব্য
১.	মন্ত্রণালয়ের ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ	২০২৬-২০২৭ অর্থবছরের GPMS ক্যালেন্ডার অনুযায়ী আগামী ১৮ অক্টোবর, ২০২৬ তারিখে মন্ত্রণালয়ের GPMS ত্রৈমাসিক প্রতিবেদন (প্রমাণকসহ) মন্ত্রিপরিষদ বিভাগে সফটওয়্যারে প্রেরণের বিষয়ে আলোচনা হয়। সে লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ স্ব স্ব প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ের আরএমএন্ডপিআর ইউনিটে প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়।	২০২৬-২০২৭ অর্থবছরের GPMS ক্যালেন্ডার অনুযায়ী আগামী ১৮ অক্টোবর, ২০২৬ তারিখে মন্ত্রণালয়ের GPMS ত্রৈমাসিক প্রতিবেদন (প্রমাণকসহ) মন্ত্রিপরিষদ বিভাগে সফটওয়্যারে প্রেরণ করতে হবে। সে লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ স্ব স্ব প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ের আরএমএন্ডপিআর ইউনিটে প্রেরণ করবেন।	
২.	দপ্তর/সংস্থার ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ	২০২৬-২০২৭ অর্থবছরের GPMS ক্যালেন্ডার অনুযায়ী আগামী ১২ অক্টোবর, ২০২৬ তারিখের মধ্যে দপ্তর/সংস্থা হতে GPMS ত্রৈমাসিক প্রতিবেদন (প্রমাণকসহ) মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা হয়।	২০২৬-২০২৭ অর্থবছরের GPMS ক্যালেন্ডার অনুযায়ী আগামী ১২ অক্টোবর, ২০২৬ তারিখের মধ্যে দপ্তর/সংস্থা হতে GPMS ত্রৈমাসিক প্রতিবেদন (প্রমাণকসহ) মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	

৩.	দপ্তর/সংস্থা ২০২৬-২০২৭ অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা (সেকশন-২) পরিমার্জন	বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, যৌথ নদী কমিশন এবং নদী গবেষণা ইনস্টিটিউট GPMS নির্দেশিকা ২০২৬-২০২৭ অনুসরণ করে ২০২৬-২০২৭ অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা (সেকশন-২) পরিমার্জনপূর্বক/পুনঃলিখন/পরিবর্তনপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, যৌথ নদী কমিশন এবং নদী গবেষণা ইনস্টিটিউট GPMS নির্দেশিকা ২০২৬-২০২৭ অনুসরণ করে ২০২৬-২০২৭ অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা (সেকশন-২) পরিমার্জনপূর্বক/পুনঃলিখন/পরিবর্তনপূর্বক আগামী ২৫ আগস্ট, ২০২৬ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবে।	

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সংযুক্তিঃ

(১) পরিশিষ্ট-ক

০৭-০৯-২০২৬
খোন্দকার আজিম আহমেদ এনডিসি
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
ফোন : ৫৫১০০৩৫৮

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩৩ / ০৭ সেপ্টেম্বর ২০২৬

নম্বর: ৪২.০০.০০০০.০০০.০৪৮.৯৯.০০০১.২৫.১৬৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।
২। অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।
৩। যুগ্মসচিব, রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ ইউনিট, পানি সম্পদ মন্ত্রণালয়।
৪। যুগ্মসচিব, উন্নয়ন-২ অধিশাখা , পানি সম্পদ মন্ত্রণালয়।
৫। যুগ্মসচিব, বাজেট ও অডিট অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
৬। উপসচিব, উন্নয়ন-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
৭। সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
৮। সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) (অতিরিক্ত দায়িত্ব), প্রসেসিং পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
১০। ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিবেশ), পরিবেশ, বন ও মৎস্য শাখা, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা।
১১। উপ-পরিচালক , পরিকল্পনা অনুবিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর।
১২। ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, লিয়াঁজো শাখা, নদী গবেষণা ইনস্টিটিউট।
১৩। প্রোগ্রামার, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়।
১৪। উপ-বিভাগীয় প্রকৌশলী , নির্বাহী প্রকৌশলীর দপ্তর-১, যৌথ নদী কমিশন, বাংলাদেশ।
১৫। সহকারি সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়।।

০৮-০৯-২০২৬
মামুনূর রশীদ
উপসচিব